

ওদের অনুষ্ঠান

● মৌমিতা, মাধবী, অমৃতা, মিনু, সুদীপ্তি, রিয়া। ওরা সকলেই নিম্নমধ্যবিত্ত পরিবারের পিছিয়ে পড়া ছেলেমেয়ে। ২০০৯ থেকে রূপম ইসলাম ওদের গান শেখাতে শুরু করেন। পরে নাচ ও আঁকার প্রশিক্ষণও দেওয়া হয়। রূপম বলছিলেন, ‘আমার আড়াই বছরের ছেলেরও গিটার, কি-বোর্ড রয়েছে, কিন্তু এই ছেলেমেয়েরা এ সব কোনও দিন ছোঁওয়ার সুযোগ পায় না। অথচ অনেকেই দারুণ প্রতিভাবান।’ এদের ১৩ জনকে নিয়ে রূপম তৈরি করেন অ্যালবাম ‘ক্লিশন ফ্রি’। শর্ত ছিল যারা এটি প্রকাশ করবে, ওরা যাতে ভবিষ্যতে গান গাইতে পারে, সে দায়িত্ব তাদের নিতে হবে। কেউ এগিয়ে আসেনি। সম্প্রতি জি ডি বিড়লা সভাঘরে এরাই গান-নাচে ভরিয়ে তুলল এক সঙ্গে। ওদের সঙ্গেই একই মঞ্চে ছিল ১২ বিয়ন্ত বিলিভ-এর সদস্য, যারা ‘প্রতিবন্ধী’ বলে চিহ্নিত। আয়োজনে কলকাতা সুকৃতি ফাউন্ডেশন এবং লায়ঙ্গ ক্লাব ইন্টারন্যাশনাল।